

**টাকার নোট স্টেপল করার অভ্যাস দূর করুন –
ব্যাংকগুলিকে ও জনসাধারণকে ভারতীয় রিজার্ভ ব্যাংক-এর অনুরোধ**

২৫শে ফেব্রুয়ারী, ২০০৩

ভারতের রিজার্ভ ব্যাংক ব্যাংকগুলিকে টাকার নোটের প্যাকেট স্টেপল করার অভ্যাস বন্ধ করা বাধ্যতামূলক বলে নির্দেশ দিয়েছে। জনসাধারণের স্বার্থে তাদের পরিষ্কার ও ভাল নোট দেওয়ার উদ্দেশ্যে ব্যাংকিং রেগুলেশন অ্যাক্ট, ১৯৪৯-এর সেকশন ৩৫এ অনুসারে ব্যাংকগুলিকে এই নির্দেশ দেওয়া হয়।

ভারতের রিজার্ভ ব্যাংক ব্যাংকগুলিকে ও জনসাধারণকে বিনা স্টেপল করা নতুন নোট সরবরাহ করে আসছে। দেখা গেছে যে ব্যাংকগুলি এই নতুন নোট জনসাধারণকে বন্টন করার আগে স্টেপল করছে। এ ছাড়াও, ব্যাংকগুলি পুনঃবন্টনযোগ্য নোটগুলিকে একাধিকবার শক্ত স্টিলের তার দিয়ে স্টেপল করার পদ্ধতি গ্রহণ করছে। এই একাধিক স্টেপল খুলতে লোকেদের খুবই অসুবিধা ভোগ করতে হচ্ছে। লোকেদের আহত করা ছাড়াও, এই স্টেপলগুলি নোট নষ্টও করে দিচ্ছে। ব্যাংকগুলি লোকেদের কাছ থেকে এই নষ্ট নোট গ্রহণ করতে অস্বীকার করছে। অর্থাৎ, দেখা গেছে স্টেপল করা, ভাল নোট নষ্ট হওয়ার একটি প্রধান কারণ।

ভারতের রিজার্ভ ব্যাংক ও সরকার নোট স্টেপল করার বিরুদ্ধে অনেক অভিযোগ পাচ্ছিলেন। একটি প্রশিক্ষণ করে রিজার্ভ ব্যাংক দেখেছে যে অন্য কোনও দেশে নোট স্টেপল করার প্রচলন নেই। ১৯৯৮ সাল থেকে রিজার্ভ ব্যাংক সব ব্যাংকগুলিকে নোট স্টেপল করার অভ্যাস বন্ধ করতে বলে আসছে। ব্যাংকগুলিকে নোট স্টেপল করার নিষেধা জারি করা হয় নভেম্বর ২০০২ সালে।

রিজার্ভ ব্যাংকের এই পদক্ষেপকে জনসাধারণ স্বাগত জানিয়েছেন।

রিজার্ভ ব্যাংক, ব্যাংক শাখা, সরকারী বিভাগ ইত্যাদি থেকে প্রাপ্ত নোট সম্পূর্ণ স্বয়ংক্রিয় মেশিনে, অত্যন্ত কঠোর নিরপত্তা পরিবেশে, ক্লোজড সার্কিট টি.ভি.-র সামনে প্রসেস করে।

**আলপনা কিন্নাওয়াল
জেনারেল ম্যানেজার**

প্রেস বিজ্ঞপ্তি: 2002-2003/891